দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 JUL 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ... ৫ ......

৭

# ১০ দফা বাস্তবায়নের দাবীতে ভার্সিটিতে ছাত্র-শিক্ষক অভিভাবক সমাবেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ভর্তি সংকট নিরসন, ন্যায্য মূল্যে শিক্ষা উপকরণ সরবরাহ সহ ১০ দফা দাবী বাস্তবায়নের দাবীতে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের উদ্যোগে গতকাল (বৃহস্পতিবার) টিএসসি মিলনায়তনে ছাত্র-শিক্ষক ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন বাসদের আহ্বায়ক খালেকুজ্জামান, শিক্ষাবিদ প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরী, ফয়েজ আহমেদ প্রমুখ। সভাপতিত্ব করেন ফ্রন্টের সভাপতি বেলাল চৌধুরী।